# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**13-04-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে বিধানসভা নির্বাচন এগিয়ে আসার সঙ্গে সঙ্গেই প্রচারাভিযান এখন তুঙ্গে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা ভোটারদের মন জয়ে মিটিং মিছিল জনসভা করছেন।

বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন, অনুপ্রবেশকারীদের এদেশে আশ্রয় দিয়ে বাংলার মানুষকে তৃণমূল কংগ্রেস সরকার বঞ্চিত করেছে।

অন্যদিকে তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, এক নির্বাচনী সভায় অভিযোগ করেছেন, বিজেপি, বাংলার ইতিহাস বদলে দিতে চাইছে।

২) বিধানসভা নির্বাচনের আগে এসআইআর প্রক্রিয়া নিয়ে সুপ্রিম কোর্টে আবারও শুনানি শুরু হয়েছে।

৩) রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোটগ্রহণের জন্য মনোনয়ন পত্র প্রত্যাহারের আজই শেষ দিন।

৪) নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে দুই সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার রাজ্যে এসেছেন।

৫) রাঢ় বাংলার বিভিন্ন স্থানে লোক উৎসব গাজনের সুচনা হয়েছে। সন্তানের মঙ্গল কামনায় মায়েরা উদযাপন করছেন নীল ষষ্ঠীর ব্রত।

---

রাজ্যে বিধানসভা নির্বাচন এগিয়ে আসার সঙ্গে সঙ্গেই প্রচারাভিযান এখন তুঙ্গে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা ভোটারদের মন জয়ে মিটিং মিছিল জনসভা করছেন।

বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ বীরভূমে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করেন। তৃণমূল কংগ্রেসের অপশাসনের বিরুদ্ধে সোচ্চার হন তিনি। শ্রী শাহ বলেন, পুরসভা ও শিক্ষাক্ষেত্রে নিয়োগ, রেশন, প্রধামন্ত্রী আবাস যোজনা সহ একাধিক প্রকল্পে শাসকদলের নেতারা দুর্নীতি করেছেন। জল জীবন মিশনে কেন্দ্রীয় সরকার টাকা দিলেও সেই সুবিধা রাজ্যের মানুষের কাছে পৌঁছয়নি বলে তাঁর অভিযোগ। অনুপ্রবেশকারীদের এদেশে আশ্রয় দিয়ে বাংলার মানুষকে তৃণমূল কংগ্রেস সরকার বঞ্চিত করেছে।

(বাইট-শাহ)

মুখ্যমন্ত্রী মহিলা হয়েও বাংলার মা-বোনেদের সুরক্ষা দিতে ব্যর্থ বলেও এদিন অভিযোগ করেন স্বরাষ্ট্র মন্ত্রী।

বীরভূমের খয়রাশোল এবং পশ্চিম বর্ধমানের খান্দরাতে জনসভার পাশাপাশি ঐ জেলার রাজেন্দ্র প্রসাদ অ্যাভিনিউতে রোড শো করবেন তিনি।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বীরভূমের সিউরিতে দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় অভিযোগ করেন, এসআইআর-এর পর এনআরসি করার প্রচেষ্টা করছে বিজেপি। বাংলার ইতিহাস বদলে দিতে চাইছে তারা। কর্মসংস্থান ইস্যুতে মুখ্যমন্ত্রী বিজেপিকে আক্রমণের নিশানা করে বলেন, সেনাবাহিনীতে অনেক পদ খালি

রয়েছে। বিগত ১২ বছরে বিজেপি সরকারের আমলে কত চাকরী হয়েছে, সেই পরিসংখ্যান প্রকাশ্যে আনার দাবি জানান তিনি।

(বাইট-মমতা)

পূর্ব বর্ধমানের গলসী এবং পশ্চিম বর্ধমানের দুর্গাপুরেও তার কর্মসভা করার কথা।

CPIM কংগ্রেস প্রার্থীরাও, জনসভা এবং বাড়ি বাড়ি প্রচারে অংশ নিচ্ছেন।

অন্যতম শীর্ষ কংগ্রেস নেতা, রাহুল গান্ধী আগামীকাল এরাজ্যে নির্বাচনী প্রচারে আসছেন। তিনি উত্তর দিনাজপুরের রায়গঞ্জ, মালদার চাঁচল এবং মুর্শিদাবাদের সামশেরগঞ্জে নির্বাচনী সভা করবেন।

----------------

সুপ্রিম কোর্টে ভোট দেওয়ার অধিকারের আবেদন জানিয়ে কুরাইশা ইয়াসমিন নামে এক মামলাকারী যে আপিল করেছিলেন সর্বোচ্চ আদালত তা খারিজ করে দিয়েছে এবং তাঁকে ট্রাইবুনালে আপিল করতে বলেছেন। ভোটার তালিকা ফ্রিজ করার সময়সীমা বাড়ানোর আবেদনও শীর্ষ আদালত খারিজ করে দিয়েছে প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ আজ এই নির্দেশ দেন।

এদিকে, বিভিন্ন রাজ্যে বিধানসভা নির্বাচনে ভোটারদের আঙুলের ছাপ ও বায়োমেট্রিকের ব্যবস্থা করার আর্জি জানিয়ে এক আইনজীবী শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিলেন। সুপ্রিম কোর্ট এখনই এই ব্যবস্থা করা সম্ভন নয় বলে জানিয়েছে।

----------------

রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য মনোনয়ন প্রত্যাহারের আজই শেষ দিন। এই দফায় আগামী ২৯শে এপ্রিল সাতটি জেলার ১৪২ টি বিধানসভা আসনে ভোট গ্রহণ।

গত ৯'ই এপ্রিল মনোনয়ন জমা দেওয়ার কাজ শেষ হয়। সেগুলি পরীক্ষা করে দেখার পর গৃহীত হয়েছে এক হাজার ৪৬৩ জন প্রার্থীর মনোনয়ন। দ্বিতীয় দফায় মোট ৬২ টি মনোনয়ন বাতিল হয়েছে। ভোটের ফলাফল ঘোষিত হবে, আগামী চৌঠা মে।

----------------

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে দুই সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী এবং পবন কুমার শর্মা আজ রাজ্যে আসছেন।

তিনদিনের এই সফরে, তাঁরা দুই বর্ধমান, হুগলী এবং উত্তর ২৪ পরগনার জেলা নির্বাচনী অধিকারিক, পুলিশ কমিশনার, জেলা পুলিশ সুপার এবং সংশ্লিষ্ট জেলার পর্যবেক্ষকদের সঙ্গে বৈঠক করবেন। কথা বলবেন মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের কর্তাদের সঙ্গেও।

সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার পবন কুমার শর্মা বীরভূম, মুর্শিদাবাদ, নদীয়া এবং দক্ষিণ ২৪ পরগনার জেলা আধিকারিক ও মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের শীর্ষ অধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন।

----------------

মুখ্যমন্ত্রী সুপ্রিম কোর্টে গিয়ে এসআইআর প্রক্রিয়াকে আরও জটিল করে তুলেছেন বলে বিজেপির রাজ্য সভাপতি, সাংসদ শমিক ভট্টাচার্য্য অভিযোগ করেছেন। উত্তরবঙ্গ রওনা হওয়ার আগে আজ কলকাতা বিমানবন্দরে সাংবাদিকদের তিনি বলেন,

বিএলওদের ওপর চাপ সৃষ্টি কোরে ভুল তথ্য আপলোড করিয়ে বেছে বেছে ভোটার তালিকা থেকে নাম বাদ দেওয়ার চক্রান্ত করেছেন তিনি।

বাইট

----------------

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে আরও একজনকে পুলিশ পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে নির্বাচন কমিশন। রাজ্যের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতির উপর নজরদারি আরও বাড়াতেই এই পদক্ষেপ। ওড়িশা ক্যাডারের আইপিএস আধিকারিক সর্বণা বিবেক এম-কে পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের জন্য পুলিশ পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করা হয়েছে। গত মাস থেকেই বিভিন্ন রাজ্য থেকে ৮৪ জন পুলিশ পর্যবেক্ষক দায়িত্ব নিয়েছেন। জেলাভিত্তিক তাঁদের দায়িত্ব ভাগ করে দেওয়া হয়েছে।

শুধু পুলিশ পর্যবেক্ষকই নয়, রাজ্যে মোট ২৯৪ জন সাধারণ পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে।

----------------

রাঢ়বাংলার বিভিন্ন স্থানে লোকউৎসব গাজনের সূচনা হয়েছে। শিবভক্তরা উপবাস, আগুন সন্ন্যাস, কাঁটাঝাঁপ সহ নানা ধর্মীয় অনুষ্ঠানের মধ্য দিয়ে উপাসনায় অংশ নিচ্ছেন। বিকেলে সূর্যাস্তের সময় পাটে তোলা, সালে ভরের মতো চিরাচরিত অনুষ্ঠানের আয়োজন করা হবে। গভীর রাত্রে হবে কামিল্যা পূজা সহ অন্যান্য প্রথা।

----------------

আজ নীল ষষ্ঠী। সন্তানের মঙ্গল কামনায় মায়েরা পুজো, ব্রত, উপবাস করছেন। বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, বর্ধমান , মেদিনীপুর নদীয়া জেলার শিবমন্দিরগুলিতে সকাল থেকেই বিপুল ভক্ত সমাগম হয়েছে।

নদীয়ার দিগনগরের প্রাচীন রাঘবেশ্বর মন্দির , কৃষনগঞ্জের শিবনিবাস, শান্তিপুরের জলেশ্বর মন্দিরে দূর দূরান্ত থেকে ভক্তরা এসে মহাদেবের মাথায় জল ঢালছেন।

উল্লেখ্য, বাংলার জনপ্রিয় লৌকিক পার্বণ নীলষষ্ঠীতে নীলকণ্ঠ, দেবাদিদেব মহাদেবের পুজো করা হয় । চৈত্র সংক্রান্তির আগের দিন সাধারণত নীল ষষ্ঠী ব্রত উদযাপন করা হয়। গ্রামের বহু পরিবারে আজ চৈত্রলক্ষ্মীর পুজোরও আয়োজন করা হয়েছে।

----------------

ভোট পর্ব চলাকালীনই চাষিদের কাছ থেকে ধান কেনার কাজ জোরকদমে চালিয়ে যাচ্ছে রাজ্য। চলতি খরিফ মরশুমে সরকারি উদ্যোগে ইতিমধ্যেই ৪৮ লক্ষ টনের বেশি ধান কেনা হয়েছে। ন্যূনতম সহায়ক মূল্যে ধান বিক্রি করে উপকৃত হয়েছেন ২৭ লক্ষেরও বেশি কৃষক।

তবে ধান কেনার সাফল্যের পাশাপাশি সামনে এসেছে অন্য সমস্যা। খাদ্যদপ্তরের সাম্প্রতিক পর্যালোচনা বৈঠকে দেখা গিয়েছে, কেনা ধানের তুলনায় চাল সরবরাহের হার অনেকটাই কম। হিসেব অনুযায়ী, ৪৮ লক্ষ টন ধান থেকে প্রায় ৩২ লক্ষ টন চাল পাওয়ার কথা। কিন্তু এখনো পর্যন্ত মজুত হয়েছে মাত্র ১৫.২০ লক্ষ টন।

জেলা ভিত্তিক রিপোর্টে স্পষ্ট, একাধিক জেলায় চাল সরবরাহের গতি আশানুরূপ নয়। উত্তর দিনাজপুরে মাত্র ৩৫ শতাংশ, মুর্শিদাবাদে ৩৬ শতাংশ, মালদহে ৪২

শতাংশ, পূর্ব মেদিনীপুরে ৪৩ শতাংশ, কোচবিহারে ৪৪ শতাংশ এবং বীরভূমে ৪৫ শতাংশ চাল সংগ্রহ করা সম্ভব হয়েছে। এই জেলাগুলিতে বিশেষ নজর দিতে নির্দেশ দিয়েছে খাদ্যদপ্তর।

----------------

মালদার মোথাবাড়িতে বিচার বিভাগীয় আধিকারিকদের ঘেরাও ও হেনস্থার ঘটনায় দুই কংগ্রেস কর্মীকে গ্রেপ্তার করেছে এন আই এ। ধৃত শাহাদাত হোসেন এবং আসিফ শেখকে গতকালই জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠানো হয়। বক্তব্যে অসঙ্গতি মেলায় তাঁদের গ্রেপ্তার করেছে জাতীয় তদন্ত সংস্থা।

এর আগে গতকাল ISF নেতা গুলাম রাব্বানিকে তার বাড়ি থেকে গ্রেপ্তার করা হয়।

ঘটনার পরই পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছিল ISF প্রার্থী শাহজাহান আলি কাদেরি, আইনজীবী মোফাক্কারুল ইসলাম সহ প্রায় ৫০ জন।

----------------

কোচবিহারের মাথাভাঙ্গায় গতকালের রাজনৈতিক সংঘর্ষের পরই আজ পুলিশ প্রশাসনের শীর্ষ আধিকারিকরা স্থানীয় থানায় বৈঠক করেন। মাথাভাঙ্গা থানায় এডিজি ( উত্তর বঙ্গ) কে. জয় রামন ও ডিআইজি (জলপাইগুড়ি রেঞ্জ) অঞ্জলি সিং বৈঠকে উপস্থিত থাকেন। বিধানসভার পুলিশ অবজার্ভারও উপস্থিত ছিলেন। প্রায় দুই ঘণ্টার বৈঠকে গোটা ঘটনার বিস্তারিত পর্যালোচনা করা হয়। জেলা পুলিশ সুপার জসপ্রীত সিং জানান, “গতকালের ঘটনায় এখনও পর্যন্ত ৬ জনকে গ্রেফতার করা হয়েছে।

----------------

কেন্দ্রীয় বাহিনীর একটি গাড়ি আজ ভোরে ১৯ নম্বর জাতীয় সড়কের হুগলির গুরাপের কাছে দুর্ঘটনার কবলে পড়ে । দুর্ঘটনায় ছ'জন আহতের মধ্যে ৩ জন জওয়ান, কেন্দ্রীয় বাহিনীর গাড়ির চালক ও অন্য গাড়ির দুজন রয়েছেন। এর মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। কেন্দ্রীয় বাহিনীর চারচাকা গাড়িটি চলন্ত একটি গাড়ির পিছনে সজোরে ধাক্কা মারে। সেই সময় পিছন থেকে আসা অপর একটি গাড়ি এসে ওই গাড়িটিকে ধাক্কা মারে। আহতদের উদ্ধার করে বর্ধমানের বামচাঁদাইপুরের একটি বেসরকারি হাসপাতালে পাঠায় পুলিশ।

----------------

মুর্শিদাবাদের বড়ঞার বেলগ্রামে সাঁইথিয়া-কান্দি রাজ্য সড়কে নাকা তল্লাশির সময় লক্ষাধিক টাকা বাজেয়াপ্ত করেছে পুলিশ। ইসলামপুরের এক ব্যবসায়ী সাঁইথিয়া থেকে গাড়িতে ওই টাকা নিয়ে ফিরছিলেন। উদ্ধার হয়েছে ২ লক্ষ ১৬ হাজার টাকার বেশি।

----------------

হুগলীর গুপ্তি পাড়ায় বাঁধাগাছির নীরডাঙার কাছে, নাকা চেকিং-এর সময় বিপুল পরিমাণ সোনার গয়না উদ্ধার হয়েছে।

জানা গেছে, একটি গাড়িতে করে নবদ্বীপ নিয়ে যাওয়া হচ্ছিল ওই সোনা। এর আনুমানিক বাজার মূল্য প্রায় ১০ লক্ষ টাকা। গয়নার কোন বৈধ নথিপত্র দেখাতে না পারায়, ওই সোনার গয়নাগুলি বাজেয়াপ্ত করা হয়েছে।

----------------

প্রবাদপ্রতিম সঙ্গীত শিল্পী আশা ভোঁসলের শেষকৃত্য, পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় আজ বিকেল চারটের সময় মুম্বাই-এর শিবাজী পার্কে সম্পন্ন হবে।

গতকাল ৯২ বছর বয়সে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। আশা ভোঁষলের প্রয়াণে সংস্কৃতি জগতে শোকের ছায়া নেমে এসেছে।

----------------

দক্ষিণবঙ্গে আগামী তিন চার দিন, দিনের তাপমাত্রা তিন থেকে চার ডিগ্রি পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা আরো কিছুটা বাড়তে পারে বলে আকাশবাণীকে জানিয়েছেন, আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায়।

( বাইট- সৌরিশ )

**আগামীকাল** ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর ও মুর্শিদাবাদ জেলায় স্থানীয়ভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৭’ডিগ্রি সেলসিয়াস- যা স্বাভাবিকের চেয়ে এক ডিগ্রি বেশী। সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

---------------------------- ----------------------------